সংবাদ

তারিখ ... 6 AUG 2009 ...
পৃষ্ঠা ... কলাম ...

প্রাথমিক শিক্ষক প্রতিনিধিদলকে শিক্ষামন্ত্রী

# শিক্ষকদের দাবি-দাওয়া বাস্তবায়ন করা হবে

নিজস্ব বার্তা পরিবেশক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষকদের প্রতি অত্যন্ত সদয় আছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা সাপেক্ষে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের দাবি-দাওয়া বাস্তবায়ন করা হবে। বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব মো. মুনসুর আলীর নেতৃত্বে একটি প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত শিক্ষামন্ত্রী ডা. আফসারুল আমিন একথা বলেন।

গতকাল বুধবার বিকেল ৪টায় সৌজন্য সাক্ষাতে মন্ত্রী ড. আফসারুল আমিন বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে তাদেরই বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আলোচনা করেন। এ সময় তিনি প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা সাপেক্ষে তাদের দাবি মেনে নেয়া হবে বলে আশ্বাস দেন। শিক্ষক সমিতির অন্য নেতৃবৃন্দের মধ্যে সিনিয়র যুগ্ম মহাসচিব মো. মোশারেফ হোসেন, অর্থ সম্পাদক রাজীব লোচন, মহিলা সম্পাদক রুবি নাগ, সদস্য মো. আবদুল কাইয়ুম, আবুল কালাম প্রমুখ উপস্থিত ছিলেন।